

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৪১

বিশালগড়, ২০ নভেম্বর, ২০২৩

### চড়িলাম ব্লকভিত্তিক যুব উৎসব

চড়িলাম ব্লকভিত্তিক যুব উৎসব সম্প্রতি লীলা দেব কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। এই যুব উৎসব প্রতিযোগিতায় চড়িলাম ব্লকের বিভিন্ন স্থান থেকে শতাধিক শিল্পী সমবেত লোক সংগীত, সমবেত লোক নৃত্য, একক লোক নৃত্য, এক লোক সংগীত, পোষ্টার লেখা, আবৃত্তি, বক্তৃতা, ফটোগ্রাফিতে অংশ গ্রহণ করে। ব্লকভিত্তিক যুব উৎসবের উদ্বোধন করে চড়িলাম ব্লকের বিডিও রূপন দাস বলেন, এই যুব উৎসব প্রতিটি অঞ্চলে সুস্থ সমাজ গঠনে সহায়ক। তিনি বলেন, এই প্রতিযোগিতার মাধ্যমে ছেলে মেয়েরা তাদের প্রতিভাকে বিকশিত করতে পারে। স্বাগত ভাষণ দেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা ভারতী নিগম। ভাষণ রাখেন বিশিষ্ট সমাজসেবী অমল দেবনাথ, চড়িলাম ব্লকের বিদ্যালয় পরিদর্শন উত্তম কুমার দত্ত, জম্পুইজলা ব্লকের বিদ্যালয় পরিদর্শক শংকর সেনগুপ্ত প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে অতিথিগণ স্বামী বিবেকানন্দের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধাজ্ঞাপন করেন। যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তর, চড়িলাম ব্লক, শিক্ষা দপ্তর, তথ্য ও সংস্কৃতি দপ্তর যৌথ ভাবে এই যুব উৎসবের আয়োজন করে।

\*\*\*\*\*